

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ১০৭৮

(মসন্দ علي بن أبي طالب) [আলীর বর্ণিত হাদীস] (রাঃ) আবী তালিব

আরবী

حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سُبَيْعٍ، قَالَ: سَمِعْتُ عَلِيًّا، يَقُولُ: لَتُخْضِبَنَّ هَذِهِ مِنْ هَذَا فَمَا يَنْتَظِرُ بِي الْأَشَقَى قَالُوا: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ: فَأَخْبَرَنَا بِهِ نُبَيْرُ عِترتهُ، قَالَ: إِذَا تَأَلَّاهُ تَقْتُلُونَ بِي غَيْرَ قَاتِلِي ". قَالُوا: فَاسْتَخْلَفَ عَلَيْنَا. قَالَ: لَا، وَلَكِنْ أَتْرُكُكُمْ إِلَى مَا تَرَكُكُمْ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " قَالُوا: فَمَا تَقُولُ لِرَبِّكَ إِذَا أَتَيْتَهُ؟ - وَقَالَ وَكِيعٌ مَرَّةً: إِذَا لَقِيْتَهُ؟ - قَالَ: أَقُولُ: اللَّهُمَّ تَرَكْتَنِي فِيهِمْ مَا بَدَا لَكَ، ثُمَّ قَبَضْتَنِي إِلَيْكَ وَأَنْتَ فِيهِمْ، فَإِنْ شِئْتَ أَصْلَحْتَهُمْ وَإِنْ شِئْتَ أَفْسَدْتَهُمْ

حسن لغيره، وهذا إسناد ضعيف، عبد الله بن سبيع - ويقال: سبيع - لم يرو عنه غير سالم بن أبي الجعد، ولم يوثقه غير ابن حبان، وعَجَثَ من الهيثمي كيف قال عنه في "مجمع الزوائد" 9/137: هو ثقة. وباقي رجاله ثقات رجال الشيخين وأخرجه ابن أبي شيبه 14/596 و15/118، وأبو يعلى (341) من طريق وكيع، بهذا الإسناد. وسيأتي برقم (1340)

وأخرجه البزار (871) من طريق عمار بن رزيق، عن الأعمش، عن حبيب بن أبي ثابت، عن ثعلبة بن يزيد الحماني، عن علي. ولعبد الله بن سبيع ذكر في هذا الحديث قال الهيثمي في "المجمع" 9/137: إسناده حسن! وثعلبة بن يزيد الحماني قال ابن حبان في "المجروحين" 1/207: من أهل الكوفة، كان غالباً في التشيع لا يحتج بأخباره التي ينفرد بها عن علي، وقال البخاري: في حديثه نظر، لا يتابع في حديثه وقوله: "نبيير عترته"، أي: نهلك ذريته

وفي الباب عن علي مرفوعاً عند عبد بن حميد في "المنتخب" (92) ، والطبراني (173) ، والحاكم 3/113، وابن أبي عاصم في "الآحاد والمثاني" (174) ، وأبي يعلى (569) ، وعنه موقوفاً عند عبد الرزاق (18670) ، وعن عمار بن ياسر عند الطحاوي في "مشكل الآثار" (811) وغيره، وسيأتي في "المسند" 4/263، وعن صهيب عند الطبراني (7311)

বাংলা

১০৭৮। আবুদল্লাহ ইবনে সুবাইহ বলেছেন, আমি আলী (রাঃ)-কে বলতে শুনেছি, আমার এই দাড়ি অবশ্যই এই মাথার রক্তে রঞ্জিত হবে। সুতরাং সর্বপেক্ষা হতভাগা অপরাধী (হত্যাকারী) কিসের জন্য অপেক্ষা করবে? লোকেরা বললো, হে আমীরুল মুমিনীন, সেই হত্যাকারীর পরিচয় আমাদের জানিয়ে দিন তাকে আমরা সবংশে নির্মূল করবো। আলী (রাঃ) বললেন, তাহলে আল্লাহর কসম, তোমরা বদলা নিতে আমার হত্যাকারীর পরিবর্তে অন্য ব্যক্তিকে হত্যা করবে। লোকেরা বললো, তাহলে আমাদের জন্য আপনার পরবর্তী খলীফা নিযুক্ত করুন। তিনি বললেন, না, তাও করবো না। তবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদেরকে যেভাবে রেখে গিয়েছেন, আমিও তোমাদেরকে সেভাবে রেখে যাবো। (অর্থাৎ তোমরা পরামর্শ ভিত্তিক সিদ্ধান্ত দ্বারা খলীফা নিয়োগ করবে।) লোকেরা বললো, তাহলে আপনি আপনার প্রতিপালকের কাছে গিয়ে কি বলবেন? আলী (রাঃ) বললেন, আমি বলবো, হে আল্লাহ, আপনি যতদিন ভালো মনে করেছেন, ততদিন আমাকে মুসলিমদের দায়িত্বে নিয়োজিত রেখেছেন। তারপর আপনি আমাকে নিজের নিকট তুলে নিয়েছেন, যখন আপনি নিজে তাদের তত্ত্বাবধানে আছেন। এখন আপনি ইচ্ছা করলে তাদেরকে পরিশুদ্ধ করুন। নচেত তাদেরকে অরাজকতায় নিক্ষেপ করুন। (১৩৪০ নং হাদীস দেখুন)

ফুটনোট

[হাদিসটি হাসান এবং এই সানাদ দুর্বল]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64444>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন